

২নং সাতৈর ইউনিয়ন পরিষদ

অফিস : জয়নগর মোড়, ডাকঘরঃ কমলেশ্বরদী খানকা,
উপজেলাঃ বোয়ালমারী, জেলাঃ ফরিদপুর।

স্মারক নং- সা,ইউপি/বোয়াল/ফরিদ/২০২৩-

তারিখ : ২০/০৭/২০২৩ খ্রিঃ

সাতৈর ইউনিয়ন পরিষদের আইন-শৃঙ্খলা সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ রাফিউল আলম
চেয়ারম্যান, ০২নং সাতৈর ইউপি,
বোয়ালমারী, ফরিদপুর।

সভার তারিখ : ২০/০৭/২০২৩ খ্রিঃ,
সভার স্থান : সাতৈর ইউনিয়ন পরিষদ কার্যালয়,
বোয়ালমারী, ফরিদপুর।

সময় : ১০.০০ ঘটিকায়

উপস্থিত সদস্য গণের নামের তালিকা নিম্নরূপঃ (স্বাক্ষরিত)

ক্রঃনং	কমিটির সদস্যগণের নাম	পরিচয়	পদবী	স্বাক্ষর
০১	মোঃ রাফিউল আলম	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	অর্চনা রানী ঘোষাল	মহিলা সরঃ ওয়ার্ড ০১	সদস্য	স্বাক্ষরিত
০৩	বিউটি রানী রাজবংশী	মহিলা সরঃ ওয়ার্ড ০২	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোছাঃ নাদিরা বেগম	মহিলা সরঃ ওয়ার্ড ০৩	সদস্য	স্বাক্ষরিত
০৫	মোঃ বুলবুল শেখ	সদস্য সাঃ ওয়ার্ড ০১	সদস্য	স্বাক্ষরিত
০৬	মোহাম্মাদ আলী	সদস্য সাঃ ওয়ার্ড ০২	সদস্য	স্বাক্ষরিত
০৭	মোঃ শাহিন মোল্যা	সদস্য সাঃ ওয়ার্ড ০৩	সদস্য	স্বাক্ষরিত
০৮	মোঃ আলাউদ্দীন মাতুব্বর	সদস্য সাঃ ওয়ার্ড ০৪	সদস্য	স্বাক্ষরিত
০৯	আবুল হাসান মোল্যা	সদস্য সাঃ ওয়ার্ড ০৫	সদস্য	স্বাক্ষরিত
১০	মোঃ আঃ লতিফ শেখ	সদস্য সাঃ ওয়ার্ড ০৬	সদস্য	স্বাক্ষরিত
১১	মোঃ ইসমাইল হোসেন	সদস্য সাঃ ওয়ার্ড ০৭	সদস্য	স্বাক্ষরিত
১২	শেখ আব্দুল মান্নান	সদস্য সাঃ ওয়ার্ড ০৮	সদস্য	স্বাক্ষরিত
১৩	সৈয়দ শফিকুল আজম	সদস্য সাঃ ওয়ার্ড ০৯	সদস্য	স্বাক্ষরিত
১৪	মোঃ মোকাররম হোসেন	ইউপি সচিব	সদস্য	স্বাক্ষরিত
১৫	সৈয়দ শাহিদুর রহমান সজল	গন্যমান্য	সদস্য	স্বাক্ষরিত
১৬	মোঃ নাসির হোসেন	থানা প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত
১৭	মোঃ রেজাউল করিম	দফাদার	সদস্য	স্বাক্ষরিত
১৮	মোঃ মাসুদ হোসেন	এসআই ও বিট অফিসার	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচীসমূহঃ

- বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- সাতৈর ইউনিয়নের জুলাই/২০২৩ মাসের আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা প্রসঙ্গে।
- বিবিধ।

আলোচ্য সূচীঃ ১) অধ্যকার সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি জনাব মোঃ রাফিউল আলম সভার কাজ আরম্ভ করেন। বিগত সভায় কার্যবিবরণী পাঠান্বে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্য সূচীঃ ২) অদ্যকার সভায় সভাপতি সাহেব সভাকে জানান যে, সাঁতের ইউনিয়নের জুলাই/২০২৩ মাসের আইন শৃঙ্খলা অবস্থা ভালো, বিচ্ছিন্ন কিছু ঘটনা ছাড়া ইউনিয়নের সার্বিক অবস্থা সন্তোষ জনক, এলাকার যুব সমাজ যেন মাদকে আসক্ত না হতে পারে সেই জন্য জোর তদারকি করা হচ্ছে, ইতিমধ্যে এর সুফল পাওয়া যাচ্ছে এবং এ ব্যাপারে আরো কঠোর নজরদারি বাড়াতে হবে। এ ব্যাপারে উপস্থিত সদস্যগণের মতামত প্রদানের অনুরোধ করেন।

অত্র ইউপি ০১ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ বুলবুল শেখ সভায় বলেন যে, তাহার ওয়ার্ডে বহিরাগত সন্ত্রাসীদের আনাগোনা হচ্ছে তাহারা বিভিন্ন সন্ত্রাসী কার্যকলাপের সহিত লিপ্ত হচ্ছে। এব্যাপারে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

০৬নং ওয়ার্ডের সদস্য আব্দুল লতিফ শেখ বলেন যে, সেহেতু আমরা জনগণের প্রতিনিধি সেহেতু আমাদেরকে জনগণের জানমালের নিরাপত্তাসহ সার্বিক দায়িত্ব পালন করতে হবে। এছাড়া এলাকার চিহ্নিত মাদক কারবারী ও সেবনকারীদের তালিকা প্রণয়ন করে থানায় প্রেরণ করতে হবে। এক্ষেত্রে তালিকা প্রদানকারীর তথ্য গোপন রাখার জন্য বিট অফিসারকে অনুরোধ জানান।

০৮নং ওয়ার্ডের সদস্য শেখ আব্দুল মান্নান বলেন যে, তাহার ওয়ার্ডে রাজনৈতিক সহিংসতা না থাকলেও মাদক সেবন, বিক্রয় ও জুয়া খেলার উপদ্রপ বেড়েছে। বহিরাগত লোকজন তাহার ওয়ার্ডের বিভিন্ন স্থানে জুয়া খেলতে জড়ো হয়। তাছাড়া কিছু বহিরাগত জুট মিল সংলগ্ন ঘর ভাড়া করে থাকে এবং চুরি ডাকাতিসহ বিভিন্ন অপরাধে লিপ্ত হচ্ছে।

বোয়ালমারী থানার এ.এস.আই নাসির হোসেন বলেন যে, আপনাদের সহযোগিতা ও সঠিক তথ্য দিলে মাদকসহ সামাজিক অপরাধ সমূহ নির্মূল করতে পারব।

অত্র ইউপি বিট অফিসার এস আই মোঃ মাসুদ হোসেন বলেন যে, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সদস্যগণের সহযোগিতায় অত্র ইউপি সামাজিক অপরাধ, মাদক বিক্রয় ও সেবনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাই এলাকায় কোন অপরাধ সংগঠিত হলে আমাকে সংবাদ দিতে হবে। আমি আপনাদের পাশে সার্বক্ষণিক থাকব।

অতঃপর সভায় অন্য কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভা সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ রাফিউল আলম)

চেয়ারম্যান

২নং সাঁতের ইউনিয়ন পরিষদ

বোয়ালমারী, ফরিদপুর।

তারিখ : ২০/০৭/২০২৩

স্মারক নং সা.ইউপি/বোয়াল/ফরিদ/২০২৩-

খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।

১. উপজেলা নির্বাহী অফিসার,

বোয়ালমারী, ফরিদপুর।

২. অফিসার ইনচার্জ

বোয়ালমারী থানা, ফরিদপুর।

৩. অফিস কপি।

(মোঃ রাফিউল আলম)

চেয়ারম্যান

২নং সাঁতের ইউনিয়ন পরিষদ

বোয়ালমারী, ফরিদপুর।